তারিখ 14 JUN 2017
পৃষ্ঠা ২০ কলাম ১

দৈনিক
জনকণ্ঠ

# ইভটিজিং প্রতিরোধে প্রতিটি বিদ্যালয়ে অভিযোগ বাক্স রাখার সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার ॥ ইভটিজিং প্রতিরোধে প্রতিটি বিদ্যালয়ে অভিযোগ বাক্স রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। যেখানে প্রতিটি অভিযোগকারী তাদের অভিযোগগুলো চিঠি আকারে বাক্সে জমা রাখবে। সেগুলো আমলে নিয়ে সরকার ইভটিজারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে ইভটিজিং প্রতিরোধ দিবস উপলক্ষে এক মানববন্ধনে তিনি একথা বলেন। বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট এ মানববন্ধনের আয়োজন করে।

এ সময় প্রতিমন্ত্রী বলেন, উত্ত্যক্তকারীদের বিরুদ্ধে প্রতিটি

(১৯ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

## ইভটিজিং প্রতিরোধে

(২০-এর পৃষ্ঠার পর)

বিদ্যালয়ে কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিগুলোকে সোচ্চার থাকতে হবে। যারা ইভটিজিংয়ের মতো অপরাধে জড়িত তাদের ধরিয়ে দিতে হবে। সেইসঙ্গে ইভটিজারদের বিরুদ্ধে সরকার প্রতিটি বিদ্যালয়ে অভিযোগ বাক্স রাখার সিদ্ধান্ত নিয়েছে। ইভটিজারদের বিরুদ্ধে সরকার জিরো টলারেন্সে আছে বলেও জানান তিনি। ইভটিজিংয়ের কারণে অনেক মেয়েকে বাল্যবিয়ে দিতে বাধ্য হচ্ছে বাবা-মা। তাই ইভটিজারদের বিরুদ্ধে সরকারের মতো সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান মেহের আফরোজ চুমকি। মানববন্ধনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের. সাধারণ সম্পাদক অরুণ সরকার রানা, আওয়ামী লীগ নেতা এম এ করিম, আসাদুজ্জামান খান দুর্জয় প্রমুখ।